## ম হা প্র য়া ণ



বিশিষ্ট শিক্ষাবিদ, অনুবাদক ও দার্শনিক সরদার ফজলুল করিমের মৃত্যুতে শোক প্রকাশ করছি। বাংলাদেশের মানুষের সঙ্গে পাশ্চাত্য দর্শনের মেলবন্ধন স্থাপনে এই ধীমান ব্যক্তিত্বের অবদান চিরস্মরণীয়। সক্রেটিস, এরিস্টটল, প্লেটোর বাংলা অনুবাদে তিনি যদি হাত না দিতেন তাহলে আরো অনেক বছর গ্রিক দর্শন আমাদের কাছে একটি অন্ধকার জগৎ হয়েই থেকে যেত। দর্শনশিক্ষা প্রসারে তিনি রীতিমতো আন্দোলন করেছেন। জীবদ্দশায় তাকে আমরা কতটা সম্মানিত করতে পেরেছি তা নিয়ে প্রশ্ন আছে। এই মহান মনীষীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি।

**নিবারণ চক্রবর্তী**
বাসাবো, ঢাকা

### পতাকায় বিশ্বকাপ উৎসব

ফিফা বিশ্বকাপ উপলক্ষে দেশের পাড়া-মহল্লা, হাট-বাজার, অলিতে-গলিতে উড়ছে প্রিয় দলের পতাকা। বিশ্বকাপ শুরুর আগেই বাড়ি, গাড়ি, পোশাকসহ বিভিন্ন স্মারকে লেগে গেছে বিশ্বকাপ উন্মাদনার ছোঁয়া। ফুটবল না হোক, বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ আসরে খেলেছে বাংলাদেশ। অথচ ক্রিকেট বিশ্বকাপের সময় দেশে বা বিদেশে উৎসব করে এমনভাবে আমাদের জাতীয় পতাকা উড়তে দেখা যায় না। কেন এই বৈষম্য? বিশ্বকাপ ফুটবল চলাকালে আমাদের জাতীয় পতাকাকে যথাযথ মর্যাদা দিয়ে ওপরে রেখে নিয়ম অনুযায়ী প্রিয় দলের পতাকা ওঠানো ও নামানো হবে– এমনটিই প্রত্যাশা।

**গোলাম রাব্বানী**
কাপাসিয়া, গাজীপুর

### অত্যন্ত দুঃখজনক

মিয়ানমারের সীমান্তরক্ষীদের হাতে বিজিবির নায়েক সুবেদার শহীদ মিজানুর রহমানের প্রতি জানাই সশ্রদ্ধ সালাম। তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি জানাই গভীর সমবেদনা। তার পিতাও শহীদ মুক্তিযোদ্ধা ছিলেন। আফসোস! কর্তৃপক্ষ নিতান্ত দায়সারাভাবে মিজানুরের শেষকৃত্য সম্পন্ন করল। মহামান্য রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কোনো বিশেষ প্রতিনিধি মরহুমের দাফনে শরিক হলেন না। বিরোধী দলগুলোর প্রথম কাতারের নেতাদের কেউ হাজির থাকলেন না। তাহলে এই বীরের প্রতি যথাযোগ্য সম্মান জানানো হতো। পার্শ্ববর্তী দেশগুলো, বিশেষ করে মিয়ানমারের প্রতি একটা তাৎপর্যপূর্ণ মেসেজ পাঠানো যেত।

**ফ. হোসেন**
শিরোইল, ঘোড়ামারা, রাজশাহী

### হালদাকে বাঁচান

এশিয়ার অন্যতম মৎস্য প্রজনন স্থান হচ্ছে হালদা নদী। চট্টগ্রামের এই নদী এখন মৃত্যুপথযাত্রী। নদী-দস্যুদের আগ্রাসনের শিকার। অপরিকল্পিতভাবে বালি উত্তোলন মদুনাঘাট ও কাপ্তাই রোডে পাশাপাশি দুটি সেতু স্বাভাবিক স্রোত প্রবাহে বিঘ্ন ঘটায়। বিষাক্ত বর্জ্যে দূষিত হচ্ছে নদীর পানি। ইঞ্জিনচালিত নৌকা-সাম্পানের বিকট শব্দে মাছের অভয়াশ্রম এখন তাদের ভয়ের অন্যতম কারণ। সামান্য কিছু টাকার লোভে নিধন হচ্ছে কোটি টাকার মা মাছ। চোররা হাত জাল, ভাসা জাল, ঘেরা জালের মাধ্যমে অহরহ মৎস্য শিকার করে চলেছে। এখনই সময়– হালদা নদীকে বাঁচান।

**অ্যাডভোকেট মোহাম্মদ হাসেম**
জজকোর্ট, চট্টগ্রাম

### বিশ্ব বাবা দিবসে

মায়ের তুলনা নেই ঠিক, কিন্তু বাবার অবদান মায়ের চেয়ে কি কম? বাবার তুলনাও বাবা নিজেই। সনাতন ধর্মে আছে, পিতা স্বর্গ, পিতা ধর্ম, পিতাই পরম তপস্যা, পিতাকে সন্তুষ্ট করতে পারলে দেবতাসকল প্রীত হন। মায়ের বুকের দুধ তৈরির ক্ষেত্রে বাবা কর্তৃক বাজার থেকে আনীত উপযুক্ত মাছ ও খাবার সামগ্রীর অবদান অতুলনীয়। বাবাদের এতসব অবদানের কথা অনেকেই ভুলে গিয়ে শেষ বয়সে তাদের সঙ্গে খুবই খারাপ আচরণ করে। বাবাদের স্থান হয় বৃদ্ধাশ্রমে। বিশ্ব বাবা দিবস উপলক্ষে পৃথিবীর সব বাবার প্রতি শ্রদ্ধা ও ভালবাসা রইল।

**তুলি**
চিড়াকান্দি, হবিগঞ্জ

### ●●●● স্ন্যাপশট | পথে প্রান্তরে



ছবি : অরোলা অজান্তা, *পাবনা সদর, পাবনা*

### বন্ধনগুলো হালকা হয়ে গেছে

আগের সেই শবেবরাত ভীষণ মিস করি। ঘরে থেকেও বোঝা যেত পুরো সমাজ একটি আন্তরিকতাসিক্ত উৎসব পালন করছে। এখনো ঘরে বসে টিভির নিউজ দেখে অথবা ফেসবুকে

**ফোরাম ২০০০ 'সে রা চি ঠি' পু র স্কা র**

ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, অর্থনীতি, রাজনীতি, রাষ্ট্রীয় নীতিমালাসহ যে কোন বিষয়ের উপর লেখা চিঠি 'সাপ্তাহিক ২০০০ পাঠক ফোরাম'-এ ছাপা হয়। আর প্রতি সপ্তাহে ছাপা হওয়া চিঠিগুলোর মধ্যে থেকে একটি চিঠিকে পুরস্কৃত করা হয়ে থাকে। সেরা চিঠির লেখক পাবেন বাঙ্গাল-এর মুক্তিযুদ্ধ ভিত্তিক একটি টি-শার্ট।

(লেখা সংক্ষিপ্ত হওয়া বাঞ্ছনীয়)



কারো স্ট্যাটাস দেখে জানা যায়, শবেবরাত পালিত হচ্ছে। শবেবরাত শুধুই একটি ধর্মীয় উৎসব নয়। মানুষে মানুষে যোগসূত্র স্থাপনের মাধ্যম হিসেবেও দিনটির কদর ছিল। কিন্তু দিনটিকে এখন আর সে মর্যাদা দেয়া হয় না। আমাদের বন্ধনগুলো হালকা হয়ে যাওয়াই এর মূল কারণ।

**সালাম রশীদ**
কাপাসিয়া, গাজীপুর

### ছদ্মবেশে পশু!

শিশু পর্নোগ্রাফি তৈরি ও রফতানির অভিযোগে টিপু কিবরিয়া নামে এক আলোকচিত্রী ও শিশুসাহিত্যিককে গ্রেফতার করেছে মহানগর গোয়েন্দা পুলিশ। এক পথশিশুকেও তার স্টুডিও থেকে উদ্ধার করা হয়েছে। সে তার জঘন্য অপরাধ স্বীকার করেছে বলে পুলিশ জানিয়েছে। সে পর্নো ভিডিও তৈরি করে বিশ্বের বিভিন্ন দেশে পাচার করত। এই তথ্য ইন্টারপোল আমাদের গোয়েন্দাদের দিয়েছে। সে সূত্রেই অভিযান চালানো হয়। বিভিন্ন ছদ্মবেশে এমন পশু আমাদের আশপাশেই রয়েছে। এ ব্যাপারে আমাদের আরো সচেতন-সজাগ হতে হবে।

**সাইমুম হাসান**
ঢাকা বিশ্ববিদ্যালয়

### আমার রবীন্দ্রনাথ

আজকাল মনে হয়, আমার জীবনে যত দুঃখবোধ জমেছে, তার একমাত্র কারণ আমি রবীন্দ্রনাথের কাছ থেকে অনেক দূরে। অনেকদিন গুরুদেবের কাছ থেকে বিচ্ছিন্ন। আগে প্রতিটি পদক্ষেপ নিতে তার কাছে ছুটে যেতাম। তার বাণী, উপদেশ ও পরামর্শ আমাকে দিকনির্দেশনা দিত। দীর্ঘদিন হয়ে গেল, বইয়ের আলমারি খুলি না। ধুলোয় ঢেকেছে রবীন্দ্রনাথ। আজ নতুন করে উপলব্ধি করছি, আমার জীবনে রবীন্দ্রনাথের বিকল্প নেই। আমাকে ফিরে যেতেই হবে তার সান্নিধ্যে।

**সায়মা রহমান**
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

### শিল্পকলাকে ছড়িয়ে দিতে হবে

এককালে সংস্কৃত ভাষা ছিল 'দেবগণ ও উপদেবতাগণের ভাষা'। সাধারণ মানুষ যত ভালো কবি-সাহিত্যিকই হোক না কেন সংস্কৃত ব্যবহার তাদের অধিকারে ছিল না। ফলে আজ সংস্কৃত একটি মৃত ভাষা! শিল্পকলাকে যারা দেবগণ ও উপদেবতাগণের কাজ হিসেবে ধরে নেন তারা আসলে শিল্পকলার মৃত্যুই চান। অনেকে শিল্পকলাকে এলিট শ্রেণির সম্পত্তি হিসেবে ধরে নেয়। তাদের পা মাটিতে পড়ে না। শ্রদ্ধা-ভালবাসা-স্নেহ তারা আমলে নেয় না। কুক্ষিগত করে রেখে আর যা-ই হোক, শিল্পকলা বিকশিত হয় না।

**আমিন সরকার**
মিরপুর, ঢাকা

## বিবেকবর্জিত লেখার অর্থ নেই



অনেক চেষ্টা করলাম, পারলাম না। তালে তাল মিলিয়ে, মিথ্যাকে পাশ কাটিয়ে, মিনমিন করে, তোয়াজ করে, সবাইকে খুশি রেখে 'ভারসাম্যপূর্ণ' লেখা লিখতে পারি না। তাই সব সময় একদল অখুশি থেকেই যাচ্ছেন। আমার লেখা আমার মতোই হবে। আমি যা, আমার লেখায় তারই প্রতিফলন ঘটবে। মন-মস্তিষ্ককে নিয়ন্ত্রণ করে যে লেখাটা তৈরি হবে তা কি আদৌ কোনো সৃজনশীল কর্ম? তা বরং ডাক্তারের প্রেসক্রিপশনের নামান্তর। প্রেসক্রিপশনেরও প্রয়োজন আছে। কিন্তু বিবেকবর্জিত লেখার কোনো অর্থ নেই।

**জুলফিকার আমীন**
শিবপুর, নরসিংদী

### ফিফার গান ভারসাম্যহীন

এবারের ফিফা থিম সংটা শুনেই মনটা খারাপ হয়ে গেছে। আগের কোকা-কোলার ওয়েভিং ফ্ল্যাগের কাছাকাছিও হয়নি এবারেরটি। থিম সংগুলো সব সময়ই অনুপ্রেরণামূলক হয়ে থাকে। গানের কথা ও সুর সন্দেহাতীতভাবে বিশ্বের কোটি কোটি মানুষের মনকে ছুঁয়ে যায়। এবারের গানটি সেভাবে নাড়া দিতে পেরেছে বলে আমার মনে হয় না। পুরো গানটিতে ছন্দ ও ভারসাম্যের অভাবও রয়েছে বলে আমি মনে করি। একই গানে র‍্যাপ, পপ ও মেলোডির দ্বান্দ্বিক অবস্থান মোটেও টানেনি।

**মমতা বিশ্বাস**
ওয়ারী, ঢাকা

### সবাই মুখ ফিরিয়ে নেয়

সাহিত্যবিষয়ক কর্মকাণ্ডে স্পন্সর পাওয়া দুষ্কর। ছোট ছোট স্পন্সর পেলে অনেক কিছু করে দেখানো সম্ভব। স্পন্সর পাওয়া আর চাঁদ হাতে পাওয়া একই ব্যাপার। স্পন্সরের বেলায় বেশিরভাগ সামর্থ্যবান মানুষ ও প্রতিষ্ঠান হাত গুটিয়ে রাখে, মুখ ফিরিয়ে নেয়। ফলে আইডিয়া মাথায় পচে এবং অনেক সময় সৃজনশীল কাজ মাঠে মারা যায়। আমরা যারা সাহিত্যের মাধ্যমে সমাজে মননের চর্চা ছড়িয়ে দিতে চাই তারা কোথায় যাব! যারা ব্যতিক্রমধর্মী তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

**মামুন রহমান রুদ্র**
কেরানীগঞ্জ, ঢাকা

### রুচির পরিচয় দিতে হবে

গ্যালারি থেকে দুরদুর করে তাড়িয়ে দেয়ার মতো অবস্থায় আলোকচিত্রকলা আর নেই। বরং আলোকচিত্রকলার বর্তমান স্ট্যাটাস দেখে অন্যান্য মাধ্যমের শিল্পীরাও ঈর্ষান্বিত হন। ফটোগ্রাফির এই উচ্চাসনটি ধরে রাখার দায়িত্ব আমাদেরই। আলোকচিত্রশিল্পী মানেই ক্যামেরার সিলমারা ময়লা টি-শার্ট পরা, কাঁধে ক্যামেরা ঝোলানো এবং 'গিয়ার গিয়ার' করে মুখে ফেনা তুলে ফেলা নয়। নিজেকে শুধু ভালো আলোকচিত্রী হিসেবে প্রতিষ্ঠিত করলেই চলবে না। মানুষ হিসেবেও রুচির পরিচয় দিতে হবে।

**সুদীপ্ত সালাম**
কারওয়ান বাজার, ঢাকা

### সাধুবাদ জানাই

অনেক বছর পর হলেও সিডরে ক্ষতিগ্রস্তদের জন্য ৩ হাজার ১শ ৫ কোটি টাকার প্রকল্প অনুমোদন করেছে সরকার। দেশের ১৩টি উপকূলীয় উপজেলার মানুষের জন্য এ টাকা খরচ করা হবে। এই উদ্যোগ নেয়ার জন্য সরকারকে সাধুবাদ জানাই। আশা করি, টাকার সুষম ও যথার্থ বন্টনের মাধ্যমে ক্ষতিগ্রস্ত মানুষদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা হবে। এক্ষেত্রে যাতে স্বচ্ছতা বজায় থাকে এবং দুর্নীতির নাম-গন্ধও না থাকে, সেজন্য সরকারকে সচেতন থাকতে হবে।

**মিঞা আশরাফ কায়সার**
চান্দিনা, কুমিল্লা

### অবশেষে সমাধানের পথে

অবশেষে নারায়ণগঞ্জের ৭ খুনের ঘটনার প্রধান আসামি নূর হোসেনকে কলকাতায় গ্রেফতার করা হয়েছে। কলকাতা পুলিশ বিষয়টি নিশ্চিত করেছে। তাকে দেশে আনার প্রক্রিয়াও শুরু হয়েছে। আশা করি, এবার এবং হয়তো এবারই প্রথম কোনো চাঞ্চল্যকর রাজনৈতিক ঘটনার আদ্যোপান্ত বেরিয়ে আসবে। এই ভয়াবহ ঘটনার পেছনে ও সামনে কারা ছিল এবং ঘটনার মোটিভইবা কী– সেসব তথ্য জানা যাবে বলে আশা করি। আরো প্রত্যাশা করি, আর এই ঘটনাটি নিয়ে রাজনীতি করা হবে না এবং বিরোধী দলও বিষয়টি নিয়ে পানি ঘোলা করবে না।

**মোহাম্মদ ইব্রাহিম জং**
সাভার, ঢাকা

### স্পেন ১, নেদারল্যান্ডস ৫!

এতদিন জানতাম, স্পেন ফুটবল দল দৃঢ়তার প্রতীক। কিন্তু তাদের দৃঢ়তা যে এত সহজে বালির বাঁধের মতো ভেঙে পড়তে পারে তা জানা ছিল না। স্পেন ১, নেদারল্যান্ডস ৫! একজন স্পেন সমর্থক হিসেবে আমি অত্যন্ত মর্মাহত। নেদারল্যান্ডস ভালো দল তাতে কোনো সন্দেহ নেই। কিন্তু স্পেন তো সাবেক চ্যাম্পিয়ন! যারা স্পেনকে চেনে না তারা নেদারল্যান্ডসের কাছে স্পেনের শোচনীয় পরাজয় দেখে ভাববে স্পেন বোধ হয় একটি তৃতীয় শ্রেণির দল। স্পেনের কী হলো! আশা করি, এই খেলা থেকে শিক্ষা নিয়ে দলটি আবার জ্বলে উঠবে।

**আশরাফ মজুমদার**
নবাবগঞ্জ, ঢাকা

### ■ সেরা চিঠির পুরস্কার বিজয়ী

১৩ জুন ২০১৪ সংখ্যার সেরা চিঠির পুরস্কার বিজয়ী
**নিবারণ চক্রবর্তী**, *ঢাকা*। ০১৯১৫-৪৭১২৪৩ নম্বরে যোগাযোগ করে পূর্ণ নাম-ঠিকানা পাঠানোর অনুরোধ করা হচ্ছে।

পাঠক ফোরামে লেখা ও ছবি পাঠানোর ঠিকানা
*পাঠক ফোরাম, সাপ্তাহিক ২০০০*
ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১২১৫
ই-মেইল : info.shaptahik2000@gmail.com